দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 25 FEB 1983
পৃষ্ঠা 4 কলাম 6

14

# প্রিন্সিপাল আবুল কাসেমের সংবর্ধনা

(স্টাফ রিপোর্টার)

ভাইস প্রেসিডেন্ট বিচারপতি এ কে এম নূরুল ইসলাম ভাষা আন্দোলনের সঠিক ইতিহাস রচনার আহ্বান জানিয়েছেন।

তিনি শুক্রবার ঢাকা টিচার্স ট্রেনিং কলেজ মিলনায়তনে প্রিন্সিপাল আবুল কাসেমের সম্মানে জাতীয় সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন।

ভাষা আন্দোলনে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য প্রিন্সিপাল আবুল কাসেম জাতীয় সংবর্ধনা কমিটি এই সংবর্ধনার আয়োজন করে। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ ভাস্কর রায় চৌধুরী।

ভাষা আন্দোলনে প্রিন্সিপাল আবুল কাসেমের গৌরবোজ্জ্বল অবদানের কথা উল্লেখ এবং তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন অধ্যক্ষ দেওয়ান মুহাম্মদ আজরফ, ডঃ নূরুল হক ভূঁইয়া প্রমুখ। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ও সংবর্ধনা কমিটির আহ্বায়ক অধ্যাপক শামসুল হক অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন। সভাপতিত্ব করেন বর্ষীয়ান সাহিত্যিক সওগাত সম্পাদক মোহাম্মদ নাসির-[illegible]

অনুষ্ঠানে প্রিন্সিপাল আবুল কাসেমকে বিপুলভাবে মাল্যভূষিত করা হয়। তাঁকে একটি স্বর্ণপদক এবং মানপত্র প্রদান করা হয়।

ভাইস প্রেসিডেন্ট তাঁর ভাষণে প্রিন্সিপাল আবুল কাসেমকে ভাষা আন্দোলনের স্থপতি বলে বর্ণনা করেন

কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ ভাস্কর রায় চৌধুরী প্রিন্সিপাল আবুল কাসেমের প্রতি শ্রদ্ধা নিবেদন করে বলেন, পৃথিবীর একমাত্র দেশ বাংলাদেশের জনগণ তাঁদের মাতৃভাষা রক্ষা করার সংগ্রামকে সফল জাতীয় স্বাধীনতার সংগ্রামে পরিণত করতে সক্ষম হয়েছেন।

সংবর্ধনার জবাবে প্রিন্সিপাল আবুল কাসেম বলেন, ভাষা আন্দোলন এখনো সফল হয়নি। ভাষা সংস্কার আন্দোলন এবং অর্থনৈতিক ও সংস্কৃতি ক্ষেত্রে স্বকীয়তাবোধ ও স্বাধীনতার চেতনাবোধ অর্জিত না হওয়া পর্যন্ত ভাষা আন্দোলন সফল হতে পারে না।

তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়সহ ৩টি ভাষা সংস্কার সম্পর্কীত বিশেষজ্ঞ কমিটির বাংলা বর্ণ-বাহুল্য, বানান ও ব্যাকরণ সংস্কারের সুপারিশমালা ঢাকা বিশ্ববিদ্যালয় ও কলকাতা বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে কার্যকরী করার পদক্ষেপ নেয়ার আহ্বান জানান।

সভায় গৃহীত বিভিন্ন প্রস্তাবে বাংলা কলেজকে বাংলা বিশ্ববিদ্যালয়ে উন্নীত করা প্রিন্সিপাল আবুল কাসেমকে জাতীয় অধ্যাপক ঘোষণা করার দাবী জানানো [illegible]